PPL5—Bengali ক্রিয়েটিভ সার্ভিসেস, কান্ট্রি হল দ্বারা পরিকল্পিত ও প্রস্তুতকৃত, 2006

পেরেন্ট পার্টনারশিপ সার্ভিস



আপনাকে ছবিতে নিয়ে আসছে

পুস্তিকা সংখ্যা 5

বাৎসরিক পর্যালোচনা ও রূপান্তরের পরিকল্পনা

Bedfordshire county council

এই পুস্তিকাটি ব্যাখ্যা করে:

- বাৎসরিক পর্যালোচনা কি;
- রূপান্তরের পরিকল্পনা কি;
- পর্যালোচনা ও পরিকল্পনার দিকে নজর দেওয়ায় কারা জড়িত এবং তারা কি করবেন।

সূচনা

যদি আপনার সন্তানের বিশেষ শিক্ষাগত চাহিদার বিবৃতি থাকে তাহলে লোকাল অথরিটিকে অন্ততপক্ষে প্রতি 12 মাস অন্তর বিবৃতির পর্যালোচনা করতেই হবে। একে বলা হয় বাৎসরিক পর্যালোচনা। এই সময়ে আপনি, আপনার সন্তান, সন্তানের স্কুল এবং লোকাল অথরিটি প্রতি বছর বিবৃতির দিকে নজর দেয় এবং প্রয়োজন অনুসারে তাতে পরিবর্তন করে। আপনার শিশুর উন্নতি নিরীক্ষণ করার জন্যে এবং বিবৃতিটি তার চাহিদাগুলি পূরণ করা চালিয়ে যাচ্ছে কিনা তা সুনিশ্চিত করার জন্যে পর্যালোচনাটি করা হয়।

9 বছরে লোকাল অথরিটি একটি রূপান্তর পরিকল্পনাও তৈরি করবে। আপনার সন্তানকে কিভাবে পূর্ণবয়স্ক জীবনের জন্যে সেরাভাবে প্রস্তুত করা যায়, পরিকল্পনাটি সেই দিকে নজর দেবে। রূপান্তর পরিকল্পনাটিও কমপক্ষে প্রতি 12 মাস অন্তর পর্যালোচনা করা হবে।

এই পুস্তিকার সারির অলঙ্করণগুলি ওয়েস্টফিল্ড মিড্‌ল স্কুল, বেডফোর্ড-এর, শিশুরা এঁকেছে।

বাৎসরিক পর্যালোচনা

মধ্যবর্তী পর্যালোচনা

বিশেষ শিক্ষাগত চাহিদার বিবৃতিসম্পন্ন কোন শিশুর ক্ষেত্রে যদি স্নেহহীনতা বা একাকিত্বের ঝুঁকি তৈরি হয় তাহলে স্কুল বা লোকাল অথরিটি একটি মধ্যবর্তী পর্যালোচনা বা যথাসময়ের পূর্বে পর্যালোচনা করতে পারে। যথাসময়ের পূর্বের তারিখের আগে তারা প্রথাবহির্ভূতভাবে আপনার সাথে সাক্ষাত করতে পারে, যদি আপনার সন্তানের বিষয়ে কোন উদ্বেগ থাকে। (''স্নেহহীনতা'' মানে হল শিশুটি স্কুলে যায় না, ''একাকিত্ব'' মানে হল স্কুল শিশুটিকে শিক্ষা দেয় না।)

বাৎসরিক পর্যালোচনায় কি ঘটে

- কি ঘটেছে সেই বিষয়ে লোকাল অথরিটি আপনার ও আপনার সন্তানের কাছ থেকে এবং স্কুল ও অন্যান্যদের মতামত নেবে।
- তারা পরবর্তী বছরের জন্যে লক্ষ্যমাত্রা ধার্য করবে।.

কারা সভায় যাবেন

প্রধানশিক্ষক এদের আমন্ত্রণ জানাবেন:

- অভিভাবক বা তত্ত্বাবধায়ক রূপে আপনাকে;
- আপনার সন্তানের শ্রেণী শিক্ষক এবং/অথবা বিশেষ শিক্ষাগত চাহিদার সমন্বয়কারী (SENCo);
- লোকাল অথরিটির একজন প্রতিনিধি।

প্রধানশিক্ষক এদের আমন্ত্রণ জানাবেন:

- হেল্‌থ অথরিটির একজন প্রতিনিধি;
- সোশ্যাল সার্ভিসেস-এর একজন প্রতিনিধি;
- অন্যান্য পেশাদার ব্যক্তি, উদাহরণ স্বরূপ একজন শিক্ষাগত মনস্তাত্ত্বিক

অভিভাবক বা তত্ত্বাবধায়ক রূপে আপনি সভায় আপনার সাথে কাউকে নিয়ে যেতে পারেন। ইনি একজন বন্ধু, আত্মীয় বা পেরেন্ট পার্টনারশিপ অফিসের কেউ হতে পারেন, যদি তারা খালি থাকেন।

মনে রাখবেন

আপনার সন্তান যদি দুর্দান্ত উন্নতি করে থাকে, তাহলে তার আর বিবৃতির প্রয়োজন নাও হতে পারে।

3

পর্যালোচনা সভা

সভার আগে কি ঘটে

স্কুল নিচের ব্যক্তিদের কাছ থেকে লিখিত রিপোর্ট চাইবে:

- অভিভাবক বা তত্ত্বাবধায়ক রূপে আপনি;
- আপনার সন্তানের শিক্ষক;
- অন্য যে কোন ব্যক্তি যাকে পর্যালোচনায় আমন্ত্রণ জানানো হয়েছে।

প্রধান শিক্ষক আপনার সন্তানের মতামতও জানবেন এবং সেগুলি লিপিবদ্ধ করবেন। আপনার সন্তানের মতামতের সাথে স্কুল সমস্ত লিখিত রিপোর্টের কপি সভায় আমন্ত্রিত সকল ব্যক্তির কাছে পাঠাবে।

পর্যালোচনা সভায়

সভা স্কুলে অনুষ্ঠিত হবে। এটি নিচের বিষয়গুলি বিবেচনা করবে এবং এগুলির বিষয়ে সুপারিশ করতে পারে:

- সন্তানের উন্নতির বিষয়ে আপনার মতামত;
- আপনার সন্তানের মতামত;
- স্কুলের মতামত;
- বিবৃতির উদ্দেশ্যগুলি কত দূর পূরণ করা গেছে;
- জাতীয় পাঠক্রমের বাধ্যবাধকতা;
- আসন্ন বছরের লক্ষ্যমাত্রা;
- কোন অতিরিক্ত পদক্ষেপ প্রয়োজন আছে কিনা এবং প্রয়োজন থাকলে এর জন্যে কারা দায়ী থাকবেন;
- বিবৃতির পরিবর্তন দরকার কিনা অথবা সেটির আর কোন প্রয়োজন আছে কিনা।

আপনার রিপোর্ট

আমরা নিজের রিপোর্ট স্বয়ং লেখার জন্যে আপনাকে দৃঢ়রূপে উৎসাহিত করি।
আপনি এই বিষয়গুলি অন্তর্গত করতে পারেন:

- গত বছরে কতটা উন্নতি করা গেছে সে বিষয়ে আপনার মতামত;
- কোন বিষয়গুলি আপনাকে খুশি করেছে এবং কোনগুলি আপনাকে উদ্বিগ্ন করে তুলেছে;
- যে কোন গুরুত্বপূর্ণ ঘটনা যা আপনার সন্তানের উন্নতিকে প্রভাবিত করেছে;
- আগামী বছরে আপনার সন্তান কি সাফল্য অর্জন করবে বলে আপনি আশা করেন।

আপনার সন্তান তার রিপোর্টের জন্যে একই শিরোনাম ব্যবহার করতে পারে।

আপনি এই বিষয়ে সহায়তা চাইলে অনুগ্রহ করে আমাদের ফোন করুন,
টেলি: 01234 316353.

পর্যালোচনা সভা

পর্যালোচনা সভার পরে

স্কুল একটি রিপোর্ট লিখবে যাতে বলা থাকবে:

- সভায় কি সিদ্ধান্ত হয়েছে;
- শিক্ষার লক্ষ্যমাত্রা বিষয়ে সভা কি সুপারিশ করেছে; এবং/অথবা
- বিবৃতিতে যদি কোন পরিবর্তন করা হয় তবে সেগুলি।

স্কুল এই রিপোর্টটি লোকাল অথরিটি এবং পর্যালোচনার সাথে জড়িত সকল ব্যক্তিকে পাঠাবে।

লোকাল অথরিটি এরপরে এইগুলি করবে:

- পর্যালোচনা সভার রিপোর্টটি বিবেচনা করবে;
- বিবৃতিটি এবং কোন সুপারিশ করা হয়ে থাকলে সেগুলি পর্যালোচনা করবে;
- বিবৃতিটি পরিবর্তনের সিদ্ধান্ত নেবে এবং কিছু ক্ষেত্রে বিবৃতিটি সমাপ্ত করার সিদ্ধান্ত নেবে;
- জড়িত সকল ব্যক্তির কাছে সুপারিশের কপি পাঠাবে।

আপনি যদি পর্যালোচনা সভার পরিণামে খুশি না হন তাহলে অনুগ্রহ করে সে বিষয়ে স্কুল, লোকাল অথরিটির সাথে অথবা পেরেন্ট পার্টনারশিপ সার্ভিসে আমাদের সাথে আলোচনা করুন।

রূপান্তরের পরিকল্পনা

আপনার সন্তান ৭ম বর্ষে থাকাকালীন সে পূর্ণবয়স্ক জীবনের মুখে পৌঁছে যাওয়ার সময়ে প্রধানশিক্ষক তার চাহিদাগুলির প্রতি নজর দেওয়ার জন্যে একটি রূপান্তরের পরিকল্পনা তৈরি করবেন। প্রধানশিক্ষক আপনি ছাড়াও কানেক্শন্স সার্ভিসের একজন প্রতিনিধি সমেত এক সারি পেশাদার ব্যক্তিকে একটি সভায় আমন্ত্রণ জানাবেন। কানেক্শন্স সার্ভিস সকল 13-19 বছর বয়স্ককে কর্মজীবন ও পূর্ণবয়স্ক জীবনে রূপান্তরে সহায়তা করে। অল্পবয়স্ক ব্যক্তিরা একজন কানেক্শন্স ব্যক্তিগত পরামর্শদাতার সুযোগ পায়। প্রধানশিক্ষক বেডফোর্ডশায়ার সোশ্যাল সার্ভিসেস-এর একজন সদস্যকেও আমন্ত্রণ জানাবেন, বিশেষত যদি আপনার সন্তানের নির্দিষ্ট কিছু অক্ষমতা থাকে। এই সভায় আপনার সন্তানের জন্যে একটি রূপান্তরের পরিকল্পনা তৈরি হবে, এটি আপনার সন্তানের 16-পরবর্তী বন্দোবস্ত এবং পূর্ণবয়স্ক জীবনে রূপান্তরের পরিকল্পনার জন্যে প্রয়োজনীয় প্রথম পদক্ষেপগুলির রূপরেখা প্রদান করবে।

16 পরবর্তী

ব্যক্তিগত পরামর্শদাতা কি করেন

কানেক্‌শন্স ব্যক্তিগত পরামর্শদাতা এইগুলি করেন:

- ৭ম বর্ষের পর্যালোচনা সভায় উপস্থিত থাকবেন এবং রূপান্তর পরিকল্পনার নজরদারি করার জন্যে দায়ী থাকবেন;
- আপনার সন্তান কিভাবে তাদের ব্যক্তিগত ও সামাজিক লক্ষ্যগুলি স্পর্শ করতে পারে সে বিষয়ে পরিকল্পনা করার জন্যে তাদের সহায়তা দিতে পারেন;
- আপনার সন্তানকে যে কোন লভ্য সুবিধার বিবরণ প্রদান করতে পারেন এবং তারা যাতে নিজের অধিকার বোঝে তা সুনিশ্চিত করবেন;
- আপনার সন্তান এবং অন্যান্য প্রাসঙ্গিক সংস্থাগুলির সাথে একটি কর্ম পরিকল্পনা তৈরি করবেন।

11 বর্ষের পরেও যদি আপনার সন্তান স্কুলে থাকে তাহলে তার 19 বছর বয়স অবধি অথবা স্কুলের যে বছরে তার বয়স 19 হবে সেই বছরের শেষ পর্যন্ত লোকাল অথরিটি বিবৃতিটি বজায় রাখতে পারে, যাতে এটা সুনিশ্চিত করা যায় যে তারা কোর্সটি সমাপ্ত করছে।

আপনার সন্তান যদি স্কুল ছেড়ে পরবর্তী শিক্ষার কলেজ বা কর্ম-ভিত্তিক প্রশিক্ষণে যায় তাহলে বিবৃতিটি সমাপ্ত হবে। এরপরে লার্নিং স্কিল্‌স কাউন্সিল আপনার সন্তানের চাহিদাগুলির অর্থ জোগাবে। আপনার সন্তানের শিক্ষা বা প্রশিক্ষণ চালিয়ে যাওয়ার জন্যে তার কি কি প্রয়োজন হবে সে বিষয়ে কানেক্‌শন্স সার্ভিস মূল্যায়ন করবে।

পরিবার ও তত্ত্বাবধায়কদের যে বিষয়গুলি বিবেচনা করতে হবে

আপনার সন্তানের ভবিষ্যত পূর্ণবয়স্ক জীবনের জন্যে আপনার কি কি প্রত্যাশা আছে?

আপনার সন্তানের ব্যক্তিগত ও সামাজিক দক্ষতাগুলি বিকাশের জন্যে এবং পূর্ণবয়স্ক জীবনশৈলী অর্জনের জন্যে আপনি তাকে কিভাবে সহায়তা করতে পারেন?

ভবিষ্যতের পরিকল্পনাগুলি আপনার সন্তানের যত্ন নেওয়ার চাহিদাগুলিকে কিভাবে প্রভাবিত করবে?

আপনার সন্তান পূর্ণবয়স্ক হয়ে ওঠার সময়ে তাকে সমর্থন করার জন্যে আপনার এবং আপনার পরিবারের কি কি ব্যবহারিক সহায়তা ও সাধারণ সাহায্য প্রয়োজন?

If you need the information in this leaflet in another language or in a special format, such as braille, large print or audio-cassette, please contact us at the address below.

ਇਹ ਪ੍ਰਕਾਸ਼ਨ ਵਿਸ਼ੇਸ਼ ਵਿਦਿਅਕ ਜ਼ਰੂਰਤਾਂ ਵਾਲੇ ਬੱਚਿਆਂ ਦੇ ਮਾਪਿਆਂ ਨੂੰ ਜਾਣਕਾਰੀ ਦਿੰਦਾ ਹੈ। ਇਹ ਮਾਪੇ ਸਾਂਝੀਦਾਰੀ ਸੇਵਾ ਵਲੋਂ ਪ੍ਰਸਤੁਤ ਕੀਤਾ ਜਾਂਦਾ ਹੈ। ਇਹ ਸੇਵਾ ਮਾਪਿਆਂ ਨੂੰ ਗੁਪਤ ਅਤੇ ਨਿਰਪੱਖ ਸਹਾਇਤਾ ਮੁਹੱਈਆ ਕਰਦੀ ਹੈ। ਜੇਕਰ ਤੁਹਾਨੂੰ ਇਸ ਜਾਣਕਾਰੀ ਜਾਂ ਸਲਾਹ ਦੀ ਤੁਹਾਡੀ ਆਪਣੀ ਭਾਸ਼ਾ ਵਿੱਚ ਲੋੜ ਹੈ, ਤਾਂ ਸਾਡੇ ਨਾਲ ਹੇਠ ਦਿੱਤੇ ਪਤੇ ਤੇ ਸੰਪਰਕ ਕਰੋ।

Ky botim jep të dhëna për prindërit që kanë fëmijë me nevoja të veçanta mësimore. Është përgatitur nga Shërbimi i Partneritetit të Prindërve (Parent Partnership Service). Ky shërbim i ofron prindërve përkrahje të besueshme dhe të paanëshme. Nëse këto të dhëna ose këshilla ju nevojiten në gjuhën amtare, ju lutemi të na kontaktoni në adresën e mëposhtme.

આ પ્રકાશન વિશેષ શૈક્ષણિક જરૂરિયાતો ધરાવતા બાળકોના વાલીઓને માહિતી આપે છે. એ પેરેન્ટ પાર્ટનરશિપ સર્વિસ દ્વારા બનાવવામાં આવ્યું છે. આ સેવા વાલીઓને ખાનગી અને તટસ્થ ટેકો આપે છે. જો તમને આ માહિતી કે સલાહ તમારી ભાષામાં જોઇતી હોય, તો કૃપા કરીને નીચે આપેલા સરનામા પર અમને સંપર્ક કરો.

Niniejsza publikacja zawiera informacje kierowane do rodziców dzieci o specjalnych potrzebach edukacyjnych. Została przygotowana przez serwis partnerstwa rodziców. Oferuje on poufną oraz bezstronną pomoc dla rodziców. Jeżeli potrzebujesz informacji lub porady we własnym języku, prosimy o skontaktowanie się z nami pod adresem podanym poniżej.

এই প্রকাশন বিশেষ শিক্ষার আবশ্যক হওয়া শিশুদের পিতা মাতাদেরকে তথ্য প্রদান করে। পিতা-মাতা অংশীদার সেবা এইটি প্রকাশ করে। এই সেবা পিতা-মাতাদেরকে গোপন এবং পক্ষপাতশূন্য সমর্থন প্রদান করে। যদি আপনাকে নিজের ভাষায় এই তথ্য অথবা উপদেশের আবশ্যক, অনুগ্রহ করে নিচের ঠিকানায় আমাদেরকে যোগাযোগ করুন।

Questa pubblicazione informativa è rivolta ai genitori di bambini con necessità educative speciali. Essa è prodotta dal Parent Partnership Service, ente che offre sostegno ai genitori ispirandosi a criteri di riservatezza e imparzialità. Se desiderate ricevere informazioni o consigli nella vostra lingua, potete contattarci all'indirizzo sottostante.

یہ اشاعت خصوصی تعلیمی ضرورت والے بچوں کے والدین کو معلومات فراہم کرتا ہے- اسے پیرنٹ پارٹنرشپ سروس نے تیار کیا ہے- یہ خدمت والدین کورازدارانہ اور غیر جانبدارانہ تعاون فراہم کرتا ہے- اگر آپ کو یہ معلومات یا مشورے آپ کی اپنی زبان میں درکار ہوں تو، برائے مہربانی ہم سے ذیل کے پتے پر رابطہ کریں-

Cette publication offre des informations aux parents d'enfants qui ont des besoins particuliers en matière d'éducation. Elle est publiée par le Parent Partnership Service. Ce service offre un soutien confidentiel et impartial aux parents. Si vous souhaitez recevoir ces informations ou des conseils dans votre propre langue, veuillez nous contacter à l'adresse reprise ci-après.

The Parent Partnership Service
Westfield Middle School
Queens Park
Bedford
MK40 4HW

টেলি: (01234) 316353
ফ্যাক্স: (01234) 316352
ইমেল: parent.partnership@bedscc.gov.uk
ওয়েবসাইট: www.bedfordshire.gov.uk/parentp